REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 31-08-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

---

Headlines :

**(১) খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, রাজ্যে সাম্প্রতিক বন্যায় সামগ্রিক ক্ষয়ক্ষতির পরিমান ১৮ হাজার কোটি টাকারও বেশি বলে প্রাথমিকভাবে নির্ধারন করা হয়েছে ।**

**(২) রাজ্য পুলিশে পুরুষ ও মহিলা কনস্টেবল পদে আরও ৯১৬ জনকে নিয়োগ করা হবে বলে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে নারীর বিরুদ্ধে নৃশংসতা এবং শিশুদের নিরাপত্তা সমাজের জন্য গুরুতর উদ্বেগের বিষয় ।**

**(৪) কেন্দ্রীয় মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রী অন্নপূর্ণা দেবী আজ দেশব্যাপী "রাষ্ট্রীয় পোষণ মাসের" সপ্তম পর্বের সূচনা করেন ।**

*****************************************

**Cabinet-Flood :**

রাজ্যে সাম্প্রতিক বন্যায় সামগ্রিক ক্ষয়ক্ষতির পরিমান ১৮ হাজার কোটি  টাকারও বেশি বলে প্রাথমিকভাবে নির্ধারন করা হয়েছে। খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী আজ মহাকরণে এক সাংবাদিক সম্মেলনে এ খবর জানান। তিনি জানান, গতকাল রাজ্য মন্ত্রিসভার বৈঠকে বন্যা পরবর্তী পরিস্থিতি নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়। বন্যায় ক্ষয়ক্ষতি নিয়ে বিভিন্ন দপ্তর থেকে তথ্য মূলক প্রেজেন্টশান

দেওয়া হয়। তিনি বলেন, কৃষিতেই ক্ষতির পরিমান ৩৫০০ কোটি টাকার বেশি হবে বলে প্রাথমিক অনুমান। তাছাড়া রাস্তাঘাট, জাতীয় সড়ক, সেতু, সেচ, পানীয় জল, বিদ্যুত, জল সরবরাহ ইত্যাদি ক্ষেত্রেও ব্যাপক ক্ষতি হয়েছে। প্রধানমন্ত্রীর দপ্তর থেকেও মৃতদের পরিবারকে আর্থিক সাহায্য দেওয়া হচ্ছে। এর জন্য মন্ত্রিসভার পক্ষ থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে ধ্যনবাদ জানানো হয়েছে বলে তিনি জানান। খাদ্যমন্ত্রী আরো জানান, রাজ্যে বন্যা দুর্গতদের জন্য কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে রাজ্য সরকারকে সর্বোতভাবে সহায়তা দেওয়া হচ্ছে।

***************************

**CABINET DECISIONS :**

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী আজ সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, JRBT গ্রুপ-ডি পদে নিয়োগ পরীক্ষার ফলাফল আগামী ৭ বা ৮ই সেপ্টেম্বর প্রকাশিত হবে। তিনি জানান, গতকাল রাজ্য মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয় রাজ্য পুলিশে পুরুষ ও মহিলা কনস্টেবল পদে আরও ৯১৬ জনকে নিয়োগ করা হবে। পুলিশে কনষ্টেবল পদে ১০০০ লোক নিয়োগের যে প্রক্রিয়া চলছে তা শিগগিরই সম্পূর্ণ হবে। নতুন ৯১৬ পদ তার অতিরিক্ত বলে তিনি জানান। তিনি জানান, পর্যটন দপ্তরে মোট ৫১টি পদে লোক নিয়োগ করা হবে। এরমধ্যে কিছু পদ পদোন্নতির মাধ্যমে ও কিছু পদে সরাসরি নিয়োগ করা হবে। তথ্য প্রযুক্তি দপ্তরেরও ৯টি পদে লোক নিয়োগ করা হবে। তাছাড়া মন্ত্রিসভার বৈঠকে, SPO-দের বেতন বৈষম্য দূরীকরণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এখন থেকে SPO-র মাসিক বেতন হবে ১২ হাজার টাকা করে।

****************************

**Oath Taking-South :**

দক্ষিণ জেলার জোলাইবাড়ি, সাতচাঁদ ও পোয়াংবাড়ি পঞ্চায়েত সমিতির নব নির্বাচিত সদস্য-সদস্যাগণ, চেয়ারম্যান ও ভাইস

চেয়ারম্যান আজ শপথ গ্রহন করেন। জোলাইবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান পদে তাপস দত্ত, ভাইস চেয়ারম্যান কেশব চৌধুরী শপথ গ্রহণ করেন। সাতচাঁদ পঞ্চায়েত সমিতিতে চেয়ারম্যান প্রভাস লোধ ও ভাইস চেয়ারপার্সন দেবীমালা ত্রিপুরা এবং পোয়াংবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন পদে মনিবালা বৈদ্য দত্ত ও ভাইস চেয়ারম্যান পদে দীপক দেবনাথ শপথ নিয়েছেন। শপথ বাক্য পাঠ করান জেলা পঞ্চায়েত আধিকারিক শুভব্রত ভট্টাচার্য।

*****************************

**Oath Taking-Dukli :**

ডুকলি পঞ্চায়েত সমিতির নবনির্বাচিত সদস্য-সদস্যা সহ সমিতির চেয়ারম্যান হিসেবে ভুলন সাহা ও ভাইস চেয়ারম্যান কিশোর ঘোষ আজ শপথ গ্রহণ করেন। ডুকলি ব্লকে আয়োজিত এই শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল ও বিধায়িকা মীনা রানী সরকার।

*****************************

**Oath Taking-KUMARGHAT :**

ঊনকোটি জেলার কুমারঘাট পঞ্চায়েত সমিতির নবনির্বাচিত সদস্য-সদস্যারা আজ শপথ গ্রহণ করেছেন। কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন পদে সুমতি দাস ও ভাইস চেয়ারম্যান পদে শঙ্কর দেবও আজ শপথ নেন। শপথবাক্য পাঠ করান জেলা পঞ্চায়েত আধিকারিক ডেভিড এল হালাম। গীতাঞ্জলি অডিটরিয়ামে আয়োজিত শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস, বিধায়ক ভগবান চন্দ্র দাস প্রমুখ।

***************************

**Train :**

আগরতলা সাব্রুম এর মধ্যে ডেমো ট্রেন সার্ভিস আজও বন্ধ রয়েছে। এই রুটে সমস্ত ট্রেন আজ ও আগামীকালের জন্য বাতিল করা হয়েছে। গর্জি বিলোনিয়া এবং শান্তিরবাজারের মধ্যে রেল লাইনের উপর যে ধ্বস পরেছিল তা পরিষ্কার করা হয়েছে। তবে বর্তমানে রেল লাইনের বিভিন্ন স্থানে মাটি পরীক্ষার কাজ চলছে। রেল চলাচলের উপযুক্ত হলেই আগরতলা সাব্রুমের মধ্যে ডেমো সার্ভিস চালু করা হবে বলে এন এফ রেলওয়ে সূত্রে আজ জানা গেছে।

****************************

**TSECL :**

আগামীকাল পয়লা সেপ্টেম্বর সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত বিদ্যুতের প্রাক পূজা মেরামতি কাজের জন্য জিরানিয়া বিদ্যুৎ বিভাগের অধীনে বিভিন্ন এলাকায় বিদ্যুৎ পরিষেবা বন্ধ থাকবে। এই এলাকাগুলো হল, গোটা এডিসি সদর দপ্তর, মনফর্ট স্কুল, বেলবাড়ি, খুমতায়া, পশ্চিম বেলবাড়ি, রামকৃষ্ণ পাড়া, ১৮ কার্ড, বিষ্ণুচন্দ্র পাড়া, জয় গোবিন পাড়া, রামনাথ ঠাকুর পাড়া, মানিক চন্দ্র পাড়া, কেবল পাড়া, ওয়াকিরাই পাড়া ,গুরুপদ কলোনি, টিএসআর ক্যাম্প সহ-সংলগ্ন অঞ্চল। রাজ্য বিদ্যুৎ নিগমের পক্ষ থেকে আজ এ সংবাদ জানানো হয়েছে।

তাছাড়া প্রাক পূজা মেরামতির জন্য আগরতলায় আরো বেশ কয়েকটি ফিডার আগামীকাল সকাল সাড়ে আটটা থেকে বিকেল সাড়ে চারটা পর্যন্ত শাটডাউন থাকবে। এগুলি হলো, গান্ধীঘাট, টিআরটিসি, আশ্রম চৌমুহনী থেকে মঠ চৌমুহনী, কল্যাণী, মহারাজগঞ্জ বাজার আংশিক, বনকুমারি, বিদ্যাসাগর, কাঁটাশলা। তাছাড়া মহেশখলা, এডি নগর, বটতলা, কবিরাজ টিলা, শ্রীপল্লি, রাইমা এবং মিশন ফিডারের অন্তর্ভুক্ত এলাকাতেও আগামীকাল সকাল সাড়ে আটটা থেকে বিকেল সাড়ে চারটা পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকবে।

****************************

**PM-District Judiciary :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে নারীর বিরুদ্ধে নৃশংসতা এবং শিশুদের নিরাপত্তা সমাজের জন্য গুরুতর উদ্বেগের বিষয়। তিনি বলেন, নারীদের নিরাপত্তার জন্য দেশে অনেক কঠোর আইন করা হয়েছে, তবে তা আরও সক্রিয় করা প্রয়োজন।

তিনি বলেন, নারীর প্রতি অত্যাচার সংক্রান্ত মামলায় যত দ্রুত সিদ্ধান্ত নেওয়া হবে, নারীরা তত বেশি নিরাপত্তার নিশ্চয়তা পাবেন। প্রধানমন্ত্রী আজ নতুনদিল্লির ভারত মণ্ডপমে জেলা বিচার বিভাগের দুই দিনব্যাপী জাতীয় সম্মেলনের উদ্বোধন করে একথা বলেন।

তিনি বলেন, সুপ্রিম কোর্টের ৭৫ বছর ভারতের সংবিধান ও সাংবিধানিক মূল্যবোধ এবং ভারতের গণতন্ত্র হিসেবে আরও পরিণত হওয়ার যাত্রা। শ্রী মোদী বলেন, জরুরি অবস্থার অন্ধকার সময়েও, সুপ্রিম কোর্ট দেশবাসীর মৌলিক অধিকারের নিশ্চয়তা দিয়েছে এবং প্রতিবারই জাতীয় স্বার্থের প্রশ্নে সুপ্রিম কোর্ট সর্বদা জাতীয় অখণ্ডতা রক্ষা করেছে। তিনি বলেন, ভারতের জনগণ কখনো সুপ্রিম কোর্ট বা ভারতীয় বিচার ব্যবস্থাকে প্রশ্ন তোলেনি।

ভারতীয় ন্যায় সংহিতা বিষয়ে প্রধানমন্ত্রী বলেন, এই আইনগুলির চেতনা হল - 'নাগরিক প্রথম, মর্যাদা প্রথমে এবং ন্যায় প্রথম'। তিনি বলেন, গত ১০ বছরে দেশে বিচার বিভাগের পরিকাঠামো উন্নয়নে ব্যয় হয়েছে প্রায় আট হাজার কোটি টাকা।

প্রধানমন্ত্রী বলেন, স্বাধীনতার অমৃতকালে ১৪০ কোটি দেশবাসীর একটাই স্বপ্ন- উন্নত ভারত, নতুন ভারত।প্রধানমন্ত্রী সুপ্রিম কোর্ট প্রতিষ্ঠার ৭৫ বছর পূর্তি উপলক্ষে একটি ডাকটিকিট ও মুদ্রা প্রকাশ করেন।

ভারতের প্রধান বিচারপতি বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় বলেন, এই সম্মেলন জেলা বিচার বিভাগ এবং অন্য সকলের মধ্যে সম্পর্ককে সহজতর করবে যাতে সরাসরি বিচার বিভাগের বিচারকদের সমস্যাগুলি বোঝা যায় এবং ভারতীয় আইনি ব্যবস্থার ভবিষ্যতের জন্য একটি সম্মিলিত দৃষ্টিভঙ্গি তৈরি করতে সক্ষম হয়।

সম্মেলনে কেন্দ্রীয় আইন ও বিচার মন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল জানান যে ই-কোর্টের তৃতীয় ধাপের অধীনে, প্রায় সাত হাজার ২০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে যাতে ক্লাউড প্রযুক্তি, কৃত্রিম বুদ্ধিমত্তা ইত্যাদি বাড়ানো হচ্ছে।

ভারতের অ্যাটর্নি জেনারেল আর. ভেঙ্কটরামানি, সুপ্রিম কোর্ট বার অ্যাসোসিয়েশনের সভাপতি কপিল সিবাল এবং বার কাউন্সিল অফ ইন্ডিয়ার চেয়ারম্যান মনন কুমার মিশ্রও সমাবেশে বক্তব্য রাখেন।

*************************

**Poshan Mah :**

কেন্দ্রীয় মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রী অন্নপূর্ণা দেবী আজ গান্ধীনগরের মহাত্মা মন্দিরে দেশব্যাপী "রাষ্ট্রীয় পোষণ মাসের " সপ্তম পর্বের সূচনা করেন। পোষন মাসের এই পর্বে অ্যানিমিয়া সচেতনতা, পোষন ভি পড়াই ভি, প্রযুক্তি-ভিত্তিক উদ্যোগ এবং দেশ থেকে অপুষ্টি নির্মূল করার জন্য একটি অতিরিক্ত খাদ্যের উপর আলোকপাত করা হবে।

অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী অন্নপূর্ণা দেবী বলেন, উন্নত ভারতের রূপকল্প অর্জিত হবে শুধুমাত্র দেশের সুস্থ ও ক্ষমতায়িত নারী ও মেয়েদের নিয়ে। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নারী-নেতৃত্বাধীন উন্নয়নের ওপর জোর দিয়েছেন এবং এই দৃষ্টিভঙ্গি অর্জনের জন্য নারী ও শিশু উন্নয়ন মন্ত্রক সাম্প্রতিক বাজেটে

নারী ও মেয়েদের জন্য বিভিন্ন প্রকল্পে ৩ লক্ষ কোটি টাকা বরাদ্দ করেছে।

মন্ত্রী আজ দেশজুড়ে অঙ্গনওয়াড়ি কেন্দ্রে "এক পেড় মা কে নাম" প্রচার অভিযানেরও সূচনা করেন।

গুজরাটের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেল এবং মহিলা ও শিশু উন্নয়ন প্রতিমন্ত্রী ভানু বেন বাবরিয়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

***********************

**Poshan Mah-State :**

রাজ্য সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের অধিকর্তা তপন কুমার দাস জানিয়েছেন এ বছরের রাষ্ট্রীয় পোষণ মাসের স্লোগান:- "সুপোষিত কিশোরী, বিকশিত নারী"। সুপোষিত ভারত গঠনের লক্ষ্যে আচরণগত পরিবর্তনের মাধ্যমে মা, শিশু ও কিশোরীদের সুস্বাস্থ্যকে সুনিশ্চিত করা।

তিনি জানান, রাজ্যের সমস্ত অঙ্গনওয়াড়ী কেন্দ্রে এবং সব জেলায় বিভিন্ন কর্মসূচী রূপায়নের মাধ্যমে এই পোষণ মাস উদযাপন করা হবে।

**************************

**BioE3 :**

কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং আজ নতুনদিল্লিতে অর্থনীতি, পরিবেশ ও কর্মসংস্থানের জন্য জৈবপ্রযুক্তি বা BioE3 নীতি ২০২৪ প্রকাশ করেছেন। ডঃ সিং সাংবাদিকদের বলেন যে এই নীতিটি দেশে উচ্চ কার্যকারিতার জৈব উৎপাদনকে উৎসাহিত করবে। তিনি আরও বলেন, বিশ্বের ভবিষ্যত অর্থনীতি চালিত হবে জৈব অর্থনীতির মাধ্যমে। উল্লেখ্য, কেন্দ্রীয় মন্ত্রিসভা এই মাসের ২৪ তারিখে BioE3 নীতি অনুমোদন করে।

******************************

**Vande Bharat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে তিনটি বন্দে ভারত ট্রেনের যাত্রার সূচনা করেন। তিনটি ট্রেন মিরাট-লখনউ, মাদুরাই-বেঙ্গালুরু এবং চেন্নাই-নাগারকোয়েল রুটে চলাচল করবে। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, বন্দে ভারত ট্রেনের এই সম্প্রসারণের মাধ্যমে দেশ ধাপে ধাপে বিকশিত ভারতের লক্ষ্যে এগোচ্ছে। তিনি বলেন, দ্রুতগতির ট্রেনের আবির্ভাব মানুষকে তাদের ব্যবসা, কর্মসংস্থান এবং তাদের স্বপ্ন সম্প্রসারণের আত্মবিশ্বাস দেয়। তিনি বলেন, এখন সারা দেশে ১০২টি বন্দে ভারত রেল পরিষেবা চলছে। তিনি বলেন, বিকশিত ভারতের লক্ষ্য অর্জনের জন্য দক্ষিণের রাজ্যগুলির দ্রুত উন্নয়ন খুবই গুরুত্বপূর্ণ।

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেন, গত দশ বছরে রেলওয়ে নেটওয়ার্কে ৩১ হাজার ১৮০ কিলোমিটার নতুন ট্র্যাক যুক্ত হয়েছে এবং প্রতিদিন ১৪ কিলোমিটার নতুন ট্র্যাক যুক্ত হচ্ছে।

মন্ত্রী জানিয়েছেন যে এক হাজার ৩২৬টি রেলস্টেশন পুনর্নির্মাণ করা হচ্ছে, বন্দে মেট্রোর ট্রায়াল চলছে এবং কয়েক দিনের মধ্যে বন্দে স্লিপারের ট্রায়াল শুরু হবে। শ্রী বৈষ্ণব বলেন, দেশীয়ভাবে তৈরি করা আধুনিক প্রযুক্তি কবচ সমগ্র দেশে মিশন মোডে প্রয়োগ করা হবে।

*****************************

**Blood Donation :**

গভর্নমেন্ট মেডিকেল ল্যাবরেটরি এন্ড টেকনোলজি এমপ্লয়িজ এসোসিয়েশনের উদ্যোগে আজ খোয়াই ব্লাড ব্যাংকে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে মোট ৩০ জন স্বেচ্ছায় রক্তদান করেন। উপস্থিত ছিলেন খোয়াই পুর পরিষদের চেয়ারম্যান দেবাশীষ নাথ শর্মা, পঞ্চায়েত সমিতির সদস্য তাপস কান্তি দাস প্রমুখ।

***************************

**CITU :**

সি আই টি ইউ অনুমোদিত ত্রিপুরা মোটরস শ্রমিক ইউনিয়ন, কেন্দ্রীয় কমিটির উদ্যোগে আজ আগরতলা কলেজটিলা সংলগ্ন ঈশ্বর পাঠশালার সামনে বন্যা দুর্গত বেশকিছু পরিবারকে ত্রাণ সামগ্রী প্রদান করা হয়। সেখানে উপস্থিত ছিলেন সংগঠনের নেতৃত্ব অমল চক্রবর্তী, সমর চক্রবর্তী, মানিক সাহা, সৌমিত্র চক্রবর্তী প্রমুখ।

**************************

**Assam Rifles :**

আসাম রাইফেলসের পক্ষ থেকে আজ জানানো হয়েছে যে, গতকাল কাস্টমসের সঙ্গে যৌথ অভিযানে আসাম রাইফেলস যোগেন্দ্রনগরে একটি মারুতি গাড়িতে তল্লাশি চালিয়ে ৩০ হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করেছে। উদ্ধারকৃত নেশা সামগ্রীর বাজার মূল্য প্রায় ৪ কোটি ৮ লক্ষ টাকা। এই ঘটনায় দুজনকে আটক করা হয়েছে।

*************************

**Chandra Smriti League :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় টাউন ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় টাউন ক্লাব ২-০ গোলে ফ্রেন্ডস ইউনিয়নকে পরাজিত করে।

**************************

**Weather :**

আগামী ২৪ ঘণ্টায় রাজ্যের ধলাই এবং উত্তর জেলার কয়েকটি স্থানে ভারী বর্ষণের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং

সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। আজ আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.৬ ডিগ্রী সেলসিয়াস।

***************************